

**AKASHVANI (Kolkata)**  
**Regional News Unit**

**Date : 14-10-24**

**Desk in Charge :**

**Time : 7.50 PM**

**Compiling :**

**Opening Announcement –**

আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ RG Kar ইস্যুতে জুনিয়ার চিকিৎসকদের আন্দোলনের মধ্যেই স্বাস্থ্য ভবনে আজ রাজ্য সরকারের সঙ্গে চিকিৎসক সংগঠনের প্রতিনিধিদের বৈঠকে কোনো সমাধান সূত্র মেলেনি।

২/ মুখ্যসচিব চিকিৎসকদের অধিকাংশ দাবী মেনে কাজ শুরু হয়ে গেছে বলে জানালেও, আন্দোলকারীরা জানিয়েছেন, কোনো লিখিত প্রতিশ্রুতি মেলেনি।

# সি বি আই তদন্তের প্রতি অনাস্থার বার্তা দিয়ে জুনিয়ার চিকিৎসকরা আজ রাজভবন অভিযান করেন।

৩/ অনশ্বন আন্দোলনের দশম দিনে আজ আরো একজন চিকিৎসক অসুস্থ হয়ে পড়েছেন।

# এরই মধ্যে আগামীকাল রেড রোডে পুজো কার্নিভালের দিন তাঁরা ডাক দিয়েছেন ‘দ্রোহের কার্নিভাল’-এর।

৪/ কলকাতায় আগামীকাল দুর্গা প্রতিমা নিরঞ্জনের জন্য পুজো কার্নিভালের জোরদার প্রস্তুতি চলেছে।

৫/ লখনউয়ের বাংলা ও উত্তরপ্রদেশের মধ্যে রঞ্জি ট্রফি ক্রিকেট ম্যাচ অমীমাংসিত। প্রথম ইনিংসে এগিয়ে থাকার সুবাদে বাঙ্গলার তিন পয়েন্ট।

\*\*\*\*\*

RG Kar ইস্যুতে জুনিয়ার চিকিৎসকদের আন্দোলনের মধ্যেই স্বাস্থ্য ভবনে আজ রাজ্য সরকারের সঙ্গে চিকিৎসক সংগঠনের প্রতিনিধিদের বৈঠকে কোনো সমাধান সূত্র মেলেনি। মুখ্যসচিব মনোজ পন্থ আন্দোলনরতদের রেড রোডে কার্নিভালের দিনই দ্রোহের কার্নিভাল কর্মসূচী প্রত্যাহারের অনুরোধ জানান। তিনি আজ স্বাস্থ্য ভবনে চিকিৎসক সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে এক বৈঠকের পর সাংবাদিকদের বলেন-

( বাইট- মনোজ )

ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন সহ ১২ টি চিকিৎসক সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে ওই বৈঠকে ছিলেন মুখ্যসচিব মনোজ পন্থ এবং স্বরাষ্ট্র সচিব নন্দিনী চক্রবর্তী। প্রায় তিনি ঘন্টা বৈঠকের পরেও অচলাবস্থা কাটার কোনো ইঙ্গিত মেলেনি। চিকিৎসকদের অধিকাংশ দাবী মেনে কাজ শুরু হয়ে গেছে বলে জানালেও, সংগঠনের প্রতিনিধিরা বলেন, সরকারের ব্যবহারে তারা হতাশ। জুনিয়ার ডাক্তারদের ১০ দফা দাবি পূরণের বিষয়ে কোন লিখিত প্রতিশ্রুতি মেলেনি। তাই স্বাস্থ্যপরিষেবা স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনতে সরকারের আর্জিও তারা মানতে পারছেন না।

\*\*\*\*\*

অন্যদিকে, ধর্মতলায় অনশন আন্দোলনের দশম দিনে অসুস্থ হয়ে পড়েছেন জুনিয়ার ডাক্তার তনয়া পাঁজা। তবে অনশন মধ্যেই রয়েছেন তিনি। অনিকেত মাহাতো, অনুষ্টুপ মুখোপাধ্যায়ের পর গতরাতে ধর্মতলার মধ্যে অসুস্থ হয়ে পড়েছিলেন ডাক্তার পুলস্ত্য আচার্য। নীলরতন সরকার মেডিকেল কলেজহাসপাতালে চিকিৎসাধীন তিনি। তাঁর শারীরিক অবস্থা স্থিতিশীল বলে হাসপাতাল সূত্রে জানা গেছে। সোমবার থেকে শিলিঙ্গড়িতে অনশনে বসেছেন উত্তরবঙ্গ মেডিকেল কলেজের জুনিয়র ডাক্তার সন্দীপ মন্ডল। গত ৬ ই অক্টোবর থেকে শিলিঙ্গড়িতে অনশনে বসেন উত্তরবঙ্গ মেডিকেল কলেজের জুনিয়রডাক্তার অলোক বর্মা এবং সৌভিক বন্দ্যোপাধ্যায়। অসুস্থ হয়ে পড়লে ১২ তারিখ অলককে ওই হাসপাতালেই ভর্তি করা হয়। বর্তমানে তাঁর অবস্থা স্থিতিশীল বলে হাসপাতাল সূত্রে জানা গেছে।

জুনিয়র ডাক্তারদের আগামীকালের প্রস্তাবিত ‘দ্রোহের কার্নিভাল’ প্রত্যাহার করার জন্য রাজ্য সরকারের আবেদন তারা খারিজ করে দিয়েছেন। আইনের সীমার মধ্যে থেকে এবং হাইকোর্টের পর্যবেক্ষণ মেনেই তাঁদের লড়াই জারি থাকবে বলে জানানো হয়েছে।

\*\*\*\*\*

RG Kar-এর ঘটনায় অনশনরত জুনিয়ার চিকিৎসকেরা আগামীকাল পুজো কার্নিভালের দিনেই রানী রাসমণি অ্যাভেনিউতে ‘দ্রোহের কার্নিভাল’-এর ডাক দিয়েছেন।

জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডস্ট্র্স, সহযোগী সংগঠন এবং পশ্চিমবঙ্গ গণসংগঠন সমষ্টি-র ডাকে অভয়ার ন্যয় বিচার ও ভূমকি সংস্কৃতি নিরসন সহ বিভিন্ন দাবীতে বিকেল চারটে নাগাদ এই কার্নিভালে সামিল হওয়ার জন্য প্রত্যেক নাগরিককেই আহ্বান জানানো হয়েছে। আন্দোলনরত চিকিৎসকদের আমরণ অনশনের প্রতি সংহতি জানিয়ে বিভিন্ন সংগঠন ইতিমধ্যেই এই কার্নিভালে অংশগ্রহণের কথা সুনিশ্চিত করেছে। কলকাতা পুলিশের পক্ষ থেকে অবশ্য এই দ্রোহের কার্নিভেলের জন্য ‘নো অবজেকশন সাটিফিকেট’ দেওয়া হয়নি। লালবাজার সূত্রে আজ এই খবর জানা গেছে।

তবে, তা’ সত্ত্বেও তাঁরা কর্মসূচী থেকে সরে আসছেন না বলে আন্দোলনকারীদের তরফে জানানো হয়েছেন। জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডস্ট্র্স-এর যুগ্ম আহ্বায়ক ডাক্তার পুণ্যব্রত গুণ জানিয়েছেন, মিছিল ও সভা করা গণতান্ত্রিক অধিকারের মধ্যেই পড়ে।

আইনজীবি জয়ন্ত নারায়ন চট্টোপাধ্যায় অনশনরতদের প্রতি সংহতি জানাতে আজ ধর্না মঞ্চে যান। আমাদের প্রতিনিধিকে তিনি বলেন-

( বাইট- জয়ন্ত )

আর জি কর কাণ্ডে সিবিআই তদন্তের প্রতি অনাস্থার বার্তা দিয়ে আন্দোলনরত জুনিয়র চিকিৎসকরা আজ রাজভবন অভিযান করেন। বিচারের দাবি সম্বলিত পোস্টার ব্যানারের পাশাপাশি জাতীয় পতাকা হাতে মিছিলে নাগরিক সমাজের একাংশও শামিল হন। রাজভবনের সামনে ব্যারিকেড করে পুলিশ তাদের আটকে দেয়। পরে ডিসি সেন্ট্রাল ইন্ডিয়া মুখোপাধ্যায়ের মধ্যস্থতায় চিকিৎসকদের এক প্রতিনিধি দল রাজভবনে গিয়ে স্মারকলিপি জমা দেয়।

আর জি কর কাণ্ডে সিবিআই তদন্তের প্রতি অনাস্ত্রার বার্তা দিয়ে আন্দোলনরত জুনিয়র চিকিৎসকরা আজ রাজভবন অভিযান করেন। বিচারের দাবি সম্বলিত পোস্টার ব্যানারের পাশাপাশি জাতীয় পতাকা হাতে মিছিলে নাগরিক সমাজের একাংশও শামিল হন। রাজভবনের সামনে ব্যারিকেড করে পুলিশ তাদের আটকে দেয়। পরে ডিসি সেন্ট্রাল ইন্ডিয়া মুখোপাধ্যায়ের মধ্যস্থতায় চিকিৎসকদের এক প্রতিনিধি দল রাজভবনে গিয়ে স্মারকলিপি জমা দেন।

\*\*\*\*\*

আর জি কর কাণ্ডে জুনিয়ার চিকিৎসকদের অনশন কর্মসূচীতে সমর্থন জানিয়ে বিভিন্ন জেলায় আজ কর্মবিরতি পালন করা হচ্ছে। আইএমএ মালদা শাখার ডাক্তাররা মিলে শহরের আইএমএ ভবনে অভয়া ক্লিনিক খোলেন। দুদিনের জন্য চেম্বার বন্ধ রেখে কর্মবিরতি পালন করেন তারা। তবে এ সময় সাধারণ মানুষ যাতে কোন সমস্যায় না পড়েন সেই কারণেই আজ সকাল থেকে অভয়া ক্লিনিক খুলে বিনামূল্যে চিকিৎসা পরিষেবা প্রদান করা হয়। বর্ধমান মেডিকেল কলেজেও আজ জুনিয়র ডাক্তাররা ১২ ঘন্টার প্রতীকী অনশন পালন করছেন। আর জি কর কাণ্ড নিয়ে জুনিয়ার চিকিৎসকদের লড়াইকে সংহতি জানাতেই জুনিয়র ডাক্তারদের সঙ্গে আজ থেকে রোজ ১২ ঘন্টা করে অনশন করবেন সিনিয়র, ইউ. জি এবং পি.জির ছাত্ররাও। তবে তারা জানিয়েছেন, এর ফলে রোগীদের পরিষেবায় কোনো ব্যাঘাত ঘটবে না। নদীয়ার কল্যাণী এইমস-এর ফ্যাকাল্টি অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে জুনিয়র ডাক্তারদের অভিযোগ গুলি অবিলম্বে সমাধান করার দাবি জানিয়ে প্রতিকি কলমডাউন প্রতিবাদ করা হয়। আজ এবং আগামীকাল দুপুর বারোটা থেকে একটা পর্যন্ত এই কর্মসূচি চালানো হবে। ডায়মন্ড হারবার মেডিক্যাল কলেজ ও হাসপাতালে জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডেক্টরস ও সিনিয়ার ডেক্টররা কর্মবিরতি পালন করছেন। আজ সকাল থেকে হাসপাতালের সবকটি ওপিডি বন্ধ আছে। কেবলমাত্র খোলা জরুরী বিভাগ। বীরভূমের সিউড়ি সুপার স্পেশালিটি হাসপাতালের চিকিৎসকেরা জরুরী পরিষেবা বাদে সমস্ত ক্ষেত্রেই পেন ডাউন করার সিদ্ধান্ত নেন। ৪৮ ঘন্টা এই পরিস্থিতি চলবে। এর প্রেক্ষিতে আউটডোর থেকে চেম্বার সমস্ত কিছু বন্ধ রয়েছে।

\*\*\*\*\*

আর জি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের সাসপেন্ড হওয়া জুনিয়র ডাক্তার, হাউস স্টাফ সহ ৫১ জন, কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হলেন। আজ বিচারপতি পার্থসারথি সেনের দৃষ্টি আকর্ষণ করেন তাঁরা। মামলা দায়ের করার অনুমতি দিয়েছেন বিচারপতি। আগামী ১৮ অক্টোবর মামলাটির শুনানির সম্ভাবনা রয়েছে।

উল্লেখ্য, থ্রেট কালচার সহ নানা দুর্নীতির সঙ্গে যুক্ত থাকার অভিযোগে প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ ঘনিষ্ঠ এই ৫১ জন ডাক্তারকে আর জি কর মেডিক্যাল কলেজ হাসপাতাল থেকে সাসপেন্ড করা হয়। তাঁদের বিরুদ্ধে তদন্ত'ও চলছে।

\*\*\*\*\*

বামফ্রন্ট, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে মানবিক দৃষ্টিভঙ্গী নিয়ে অনতিবিলম্বে আন্দোলনরত জুনিয়র ডাক্তারদের সঙ্গে আলোচনায় বসার জন্য দাবি জানিয়েছে। পাশাপাশি জুনিয়র ডাক্তারদের ১০ দফা দাবি এখনই সমাধান করার দাবি জানিয়েছেন ফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু। ফ্রন্টের পক্ষে আজ তিলোত্তমা খুনে দোষীদের শাস্তি এবং জুনিয়র ডাক্তারদের আন্দোলন নিয়ে রাজ্যের মুখ্যমন্ত্রীর কাছে খোলা চিঠি দেওয়া হয়।

\*\*\*\*\*

শারদোৎসব শেষে কলকাতা সহ বিভিন্ন জেলায় আজ'ও চলেছে দুর্গা প্রতিমা নিরঞ্জনের পর্ব। বেশীরভাগ বারোয়ারী পুজোর প্রতিমা ইতিমধ্যেই বিসর্জন হয়ে গেছে। যেসমস্ত পুজো কার্নিভালে অংশ নেবে, সেগুলি বাদে বাকি সবের নিরঞ্জন'ও আজকের মধ্যেই শেষ করতে হবে। এজন্য কলকাতার বাজে কদমতলা, দই ঘাট সহ গঙ্গার বিভিন্ন ঘাটে কড়া প্রশাসনিক নজরদারির বন্দোবস্ত করা হয়েছে। জেলাগুলিতে আজ আয়োজন করা হয় বিসর্জনের বিশেষ শোভাযাত্রা বা কার্নিভাল। কলকাতার সেরা পুজোগুলোকে নিয়ে আগামীকাল রেড রোডে বর্ণময় কার্নিভালের আয়োজন করা হয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সহ বহু বিশিষ্ট মানুষের উপস্থিতিতে শহরের সেরা পুজো গুলির প্রতিমা নিয়ে শোভাযাত্রার পর বাজেকদমতলা ঘাটে বিসর্জন দেওয়া হবে। একটি প্রতিবেদন-

( ভিসি- অভিনন্দন)

\*\*\*\*\*

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী রাজ্যের মানুষকে পূজা কার্নিভাল বয়কটের আবেদন জানিয়েছেন। সিউড়িতে আজ এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন-

( বাইট- শুভেন্দু )

\*\*\*\*\*

লখনউয়ের একানা ক্রিকেট স্টেডিয়ামে বাংলা ও উত্তর প্রদেশের মধ্যে রঞ্জি ট্রফির ম্যাচ অমীমাংসিতভাবে শেষ হয়েছে। প্রথম ইনিংসে এগিয়ে থাকার সুবাদে বাংলা তিন পয়েন্ট সংগ্রহ করলো। উত্তরপ্রদেশের সংগৃহীত পয়েন্ট এক।

খেলার সংক্ষিপ্ত ফলাফলঃ- বাংলা ২১১ ও ৩ উইকেটে ২৫৪, উত্তর প্রদেশ ২৯২ ও ৬ উইকেটে ১৬২।

রঞ্জি ট্রফির পরবর্তী ম্যাচে বাংলা বিহারের মুখোমুখি হবে। কল্যানীর বেঙ্গল ক্রিকেট একাডেমি গ্রাউন্ডে এই ম্যাচ শুরু হবে আগামী শুক্রবার।

\*\*\*\*\*